



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় কার্যালয়, নাটোর
www.cooperative.natore.gov.bd

“বঙ্গবন্ধুর দর্শন, সমবায় উন্নয়ন”

জেলা সমবায় কার্যালয়, নাটোর এর ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি জনাব মোঃ মোস্তাফিজুর রহমান,
উপ-সহকারি নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, নাটোর।
সভার তারিখ ৩১/০৮/২০২৩ খ্রিঃ।
সভার সময় বেলা ১১.০০ ঘটিকা।
স্থান জেলা সমবায় কার্যালয়, নাটোর এর সম্মেলন কক্ষ।
উপস্থিতি সংযুক্ত তালিকা।

জেলা সমবায় কার্যালয়, নাটোর এর সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির ১ম ত্রৈমাসিক সভা জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপ-সহকারি নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, নাটোর এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভাপতি সাহেব জানান যে, জেলা সমবায় কার্যালয়, নাটোর কর্তৃক ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের নিমিত্ত পৃথক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত ২০২৩-২০২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা সম্পর্কে সকলকে অবহিত করেন এবং সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

ক্রঃ নং	সূচক ভিত্তিক আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন।	সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ১ম ত্রৈমাসিক পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করার বিষয়ে আলোচনা হয় এবং এ বিষয়ে কমিটি গঠন করে প্রধান কার্যালয়কে অবহিত করন ও স্ব-স্ব ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহীত হয়। প্রমাণক হিসাবে স্ক্রিন সর্ট সংরক্ষণ করতে হবে।	সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি।
০২	[১.১.১] ত্রৈমাসিক ভিত্তিতে নিজ অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ।	ত্রৈমাসিক ভিত্তিতে নিজ অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন করতে হবে এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।	সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি।
০৩	[১.২.১] ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন উপজেলা অফিস সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতিহালনাগাদ পূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন।	[১.২.১] ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন উপজেলা অফিস সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতিহালনাগাদ পূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য সকল উপজেলা সমবায় অফিসারগণকে পত্র দিতে হবে। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন করতে হবে।	সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি।

<p>০৪ (২.১] নিজ অফিসের কর্মকর্তা/ কর্মচারী ও আওতাধীন অফিসের কর্মকর্তা/ কর্মচারী/ স্টেকহোল্ডার গণের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রশিক্ষণ/ সেমিনার/ কর্মশালা/ অবহিতকরণ সভা আয়োজন। আওতাধীন দপ্তর/সংস্থা না থাকলে নিজ দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে প্রশিক্ষণ আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করতে হবে।</p>	<p>নিজ অফিসের কর্মকর্তা/ কর্মচারী ও আওতাধীন অফিসের কর্মকর্তা/ কর্মচারী/ স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রশিক্ষণ আগামী ১৫/০৯/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা সমবায় অফিসার, নাটোর মহোদয় নির্দেশনা প্রদান করেন।</p>	<p>সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি।</p>
---	---	---

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ

(মোঃ মোস্তাফিজুর রহমান)

সভাপতি


সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটি
জেলা সমবায় কার্যালয়, নাটোর।

তারিখঃ ৩১.০৮.২০২৩খ্রিঃ।

স্মারক নং ৪৭.৬১.৬৯০০.০০০.৩৯.২৮০.১৮-

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী।
- ২) জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় অফিস, নাটোর।
- ৩) সরজমিনে তদন্তকারী, জেলা সমবায় অফিস, নাটোর।
- ৪) পরিদর্শক-০৪, জেলা সমবায় অফিস, নাটোর।
- ৫) পরিদর্শক-০৩, জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস, নাটোর।



সভাপতি

সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটি
জেলা সমবায় কার্যালয়, নাটোর।